ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-১৬৯৮</u>
সাব্রুম,১১ জুলাই,২০২৫

**সাব্রুমে দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক বর্ষামঙ্গল উৎসব ৩১ জুলাই**

আগামী ৩১ জুলাই সাব্রুমের মনুবাজারস্থিত বসুন্ধরা বনচেতনা কেন্দ্রে দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক বর্ষামঙ্গল উৎসব-২০২৫ অনুষ্ঠিত হবে। তথ্য ও সংস্কৃতি দপ্তর, বন দপ্তর, বিদ্যালয় শিক্ষা দপ্তর এবং সাতচাঁদ পঞ্চায়েত সমিতির যৌথ উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই উৎসবকে সফল করার লক্ষ্যে আজ সাতচাঁদ পঞ্চায়েত সমিতির কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সাতচাঁদ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রভাস লোধ। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন সাতচাঁদ আর.ডি. ব্লকের বিডিও অনুপম দাস, সাব্রুম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রমা পোদ্দার দে, সাতচাঁদ পঞ্চায়েত সমিতির সদস্যবৃন্দ, দক্ষিণ ত্রিপুরা জেলা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য রতন চক্রবর্তী, মনুবাজার গ্রাম পঞ্চায়েতের জনপ্রতিনিধিগণ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

সভায় সিদ্ধান্ত হয় যে, দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক বর্ষামঙ্গল উৎসব-২০২৫ উপলক্ষ্যে বৃক্ষরোপণ করা হবে ও বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হবে। অনুষ্ঠান উপলক্ষ্যে বিভিন্ন বিদ্যালয় এবং সাংস্কৃতিক সংস্থাগুলির মধ্যে দলগত সংগীত ও দলগত নৃত্য প্রতিযোগিতার আয়োজন করা হবে। এছাড়াও থাকবে পরিবেশ বিষয়ক একাঙ্ক নাটক এবং নৃত্য আলেখ্য। বর্ষামঙ্গল উৎসবকে সর্বাঙ্গীণ সাফল্যমন্ডিত করার লক্ষ্যে সাতচাঁদ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রভাস লোধকে চেয়ারম্যান করে একটি কার্যকরী কমিটি গঠন করা হয়েছে ও বিভিন্ন সাব কমিটি গঠন করা হয়েছে।

*****